গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০১.৫৩৫.২২/ ৫১

তারিখঃ ২০ ফাল্গুন, ১৪২৯
০৫ মার্চ, ২০২৩

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ আবদুল বারী, কর পরিদর্শক, কর অঞ্চল-২, ঢাকা, সৈয়দ শাকিল হোসেন, নিরাপত্তা প্রহরী, কর সার্কেল-৩০৬ (বৈতনিক), কর অঞ্চল-১৪, ঢাকা, জনাব মোঃ নজরুল ইসলাম, নিরাপত্তা প্রহরী, কর সার্কেল-২১, কর অঞ্চল-১, ঢাকা এবং জনাব মোঃ সেলিম শরীফ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, কর সার্কেল-০৯ (কোম্পানীজ), কর অঞ্চল-১, ঢাকা সহ করদাতা জনাব মোঃ শামীম রেজা (টিআইএন-২৭৬৩৮৬৭৪১৭৩৭) এবং মিজ্ ইনা রেজা (টিআইএন-৪৬৬৭৬০৪৭৯৭৪৯) এর আয়কর নথিসমূহের আদেশপত্র, পরিসম্পদ ও দায় বিবরণীর (আইটি-১০বি) তথ্য পরিবর্তন, মূল রেকর্ড বিনষ্টকরণ, স্বাক্ষর জালিয়াতি করে ভুয়া রেকর্ড নথিতে স্থাপন করার অভিযোগটি সুস্পষ্ট তথ্য প্রমান ও তাঁর লিখিত ও মৌখিক স্বীকারোক্তি দ্বারা প্রথমতঃ সন্দেহাতীতভাবে প্রমানিত হয়;

যেহেতু, উপরোক্ত কারণে ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(খ) ও ৩(ই) মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়; বিভাগীয় মামলার অভিযোগ বিবরণী ও অভিযোগনামার পরিপ্রেক্ষিতে ২৯/০৬/২০২২ খ্রিঃ তারিখ সরাসরি উপস্থিত হয়ে শুনানী প্রদান করে অভিযোগনামার লিখিত জবাব প্রদান করেন;

যেহেতু, আপনার অভিযোগনামার জবাব সন্তোষজনক নয়; আপনাকে প্রদত্ত অভিযোগনামার লিখিত জবাব হতে বিভিন্ন প্রশ্ন করা হলে আপনি তাঁর সদুত্তর দিতে ব্যর্থ হন বিধায় বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের পূর্বে আপনার বিরুদ্ধে আনীত "অসদাচরণ'' ও "দুর্নীতি" অভিযোগ তদন্তের জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে উল্লেখ করেন যে, জনাব মোঃ আবদুল বারী, কর পরিদর্শক, কর সার্কেল-০৯ (কোম্পানীজ), কর অঞ্চল-১, ঢাকা এর করদাতা জনাব মোঃ শামীম রেজা (টিআইএন-২৭৬৩৮৬৭৪১৭৩৭) এবং মিজ্ ইনা রেজা (টিআইএন-৪৬৬৭৬০৪৭৯৭৪৯) এর আয়কর নথি সমূহের আদেশপত্র, পরিসম্পদ ও দায় বিবরণীর (আইটি-১০বি) তথ্য পরিবর্তন, মূল রেকর্ড বিনষ্টকরণ, স্বাক্ষর জালিয়াতি করে ভুয়া তথ্য নথিতে স্থাপন করেছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ই) অনুসারে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর পর্যায়ভুক্ত হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ই) অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগ আনয়ন করে কেন আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩)(১)(খ) মোতাবেক সরকারি চাকরি থেকে বাধ্যতামূলক অবসর প্রদান করা হবে না মর্মে দন্ড নির্ধারণপূর্বক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের প্রতিউত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে আপনি সন্তোষজনক জবাব প্রদান করতে ব্যর্থ হন;

যেহেতু, আপনার বিরুদ্ধে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর পরামর্শ চাওয়া হলে কমিশন "বাধ্যতামূলক অবসর প্রদান" দন্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

সেহেতু, জনাব মোঃ আবদুল বারী, কর পরিদর্শক, কর অঞ্চল-২, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(১)(খ) মোতাবেক সরকারি চাকরি থেকে ২০/০১/২০২৩ খ্রিঃ তারিখ হতে "বাধ্যতামূলক অবসর প্রদান" করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোহাম্মদ আবু দাউদ)
সদস্য
(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)

স্মারক নম্বর- ০৮.০১.০০০০.০২০.০১.৫৩৫.২২/৫১ তারিখঃ ২০ ফাল্গুন, ১৪২৯ / ০৫ মার্চ, ২০২৩

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বোর্ড প্রশাসন/ কর নীতি/কর আপীল ও অব্যাহতি/কর জরীপ ও পরিদর্শন/ কর লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন/তথ্য ব্যবস্থাপনা সেবা/ ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএস কর একাডেমী, ঢাকা।
৫। কর কমিশনার, কর অঞ্চল- ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা।
৬। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।
৭। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরিপ অঞ্চল,বাংলাদেশ, ঢাকা।
৮। কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা।
৯। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।
১০। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১১। প্রথম সচিব, কর প্রশাসন/কর পরিবীক্ষণ ও প্রশিক্ষণ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা/বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা............
১৩। চেয়াম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪। জনাব মোঃ আবদুল বারী, কর পরিদর্শক, কর অঞ্চল-২, ঢাকা।
১৫। ব্যক্তিগত নথি।

(মোঃ জসিম উদ্দিন)
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।